

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইউনিট রেজিস্ট্রেশন অ্যান্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

কাশপিয়া প্লাজা, ৩৫/সি, নয়াপল্টন

ঢাকা-১০০০।

ফোন- ৮৩১১৩৯৮

ইউনিট রেজিস্ট্রেশন অ্যান্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

এই বিভাগ ইউনিট সার্টিফিকেট ধারকগণকে নিম্নলিখিত সেবা প্রদান করে থাকে।

১. লভ্যাংশ বিতরণ

সাধারণত জুলাই মাসের শেষ কর্ম দিবসে ইউনিট সার্টিফিকেটের লভ্যাংশ ঘোষণা করা হয়ে থাকে। এই লভ্যাংশপত্র হাতে হাতে, কুরিয়ার সার্ভিস যোগে ও ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। এ ক্ষেত্রে -

***হাতে হাতে বিতরণঃ**

(ক) মে বা জুন মাসে সার্টিফিকেটের ধারকগণ অত্র ডিপার্টমেন্ট হতে মুদ্রিত নিদিষ্ট ফর্মে আবেদন করবেন। উক্ত আবেদন পত্রে নাম, নিবন্ধন নম্বর এবং স্বাক্ষর যথাযথ হতে হবে।

(খ) আইসিবি শাখা / অনুমোদিত ব্যাংক সমূহ হতে ইউনিট সার্টিফিকেট ক্রয় করা হলে সংশ্লিষ্ট শাখা/ ব্যাংক হতে স্বাক্ষর সত্যায়ন করে উপরোক্ত পদ্ধতিতে লভ্যাংশ পত্র গ্রহণ করা যাবে।

***কুরিয়ার সার্ভিস যোগে :**

হাতে হাতে লভ্যাংশপত্র বিতরণের পর সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে অবিলম্বে লভ্যাংশপত্র কুরিয়ার সার্ভিসযোগে গ্রাহকের ঠিকানায় প্রেরণ করা হয়।

***ব্যাংক হিসাবে প্রেরণ :**

যে সব ধারক ব্যাংক হিসাবে লভ্যাংশ গ্রহণে আগ্রহী তাঁরা আবেদন পত্রে নাম, রেজিঃ নং, সার্টিফিকেট সংখ্যা, ব্যাংকের নাম, ঠিকানা ও হিসাব নং উল্লেখ করে লভ্যাংশ পত্র প্রেরণের আবেদন জানাবেন। এ ক্ষেত্রে লভ্যাংশ পত্র প্রেরণ সংক্রান্ত তথ্যাবলী অত্যন্ত সতর্কতার সাথে উল্লেখ করতে হবে। কোন কারণে ব্যাংক হতে লভ্যাংশ পত্র ফেরত আসলে ধারক যোগাযোগ করে তা সংগ্রহ করবেন।

২. ডুপ্লিকেট লভ্যাংশ পত্র প্রদান

হারিয়ে গেলে, পুড়ে গেলে বা কোন কারণে ডুপ্লিকেট লভ্যাংশপত্র প্রাপ্তির জন্য ধারক তাঁর রেজিস্ট্রেশন নম্বর, সার্টিফিকেট নম্বর উল্লেখ করে সহকারী মহাব্যবস্থাপক, ইউনিট রেজিস্ট্রেশন এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট বরাবরে আবেদন করবেন। আবেদন প্রাপ্তির পর উক্ত বিভাগ লভ্যাংশ প্রদানকারী ব্যাংকের পত্র প্রাপ্তি সাপেক্ষে ১৫ কার্যদিবসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবে। এ ক্ষেত্রে লভ্যাংশের পরিমাণ ৫০০০.০০ টাকার উপরে হলে ১৫০.০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

৩. লভ্যাংশ পত্রের সময়সীমা বৈধ করণ

কোন কারণে ধারক তার লভ্যাংশপত্র নির্ধারিত সময়ে অর্থাৎ ইস্যুর তারিখ হতে ৬(ছয়) মাসের মধ্যে নগদায়ন করতে না পারলে যোগাযোগের ভিত্তিতে লভ্যাংশপত্রের সময়সীমা বৃদ্ধি করে নিতে পারেন। এ ক্ষেত্রে ধারক লভ্যাংশপত্র সহ সময়সীমা বৃদ্ধির আবেদন জানাবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা তা যাচাই করে পুনঃ বৈধ করে দেবেন। তবে ৬ (ছয়) বৎসর উর্দ্ধের লভ্যাংশ পুনঃ বৈধকরণ করা হয় না।

৪. লভ্যাংশপত্রে নাম পরিবর্তন

মৃত্যুজনিত কারণে মূলধারকের পরিবর্তে বৈধ ওয়ারিশগনের মধ্যে ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির নামে লভ্যাংশপত্র ইস্যু করা হয়। এ ক্ষেত্রে প্রথমে ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট এর অনুসৃত পদ্ধতি অনুযায়ী উওরাধিকারের নামে সার্টিফিকেট হস্তান্তর করতে হবে।

এ ছাড়া দৈনন্দিন যে কোন কার্যের ক্ষেত্রে কোন সমস্যা থাকলে বিভাগীয় প্রধান/ সহকারী মহাব্যবস্থাপকের সাথে নিম্ন লিখিত ঠিকানায় যোগাযোগ করতে হবে:

সহকারী মহাব্যবস্থাপক
ইউনিট রেজিস্ট্রেশন অ্যান্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট
৩৫/সি, কাশফিয়া প্লাজা, নয়াপল্টন, ঢাকা।
ফোনঃ ৮৩১১৩৯৮

গ্রাহক সেবা সংশ্লিষ্ট কোন অভিযোগ বা অনুযোগ থাকলে এ বিষয়ে উপ-মহাব্যবস্থাপক, ফান্ডস্ ডিভিশন এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপ-মহাব্যবস্থাপক, ফান্ডস্ ডিভিশন,
৩৫/সি, কাশফিয়া প্লাজা, নয়াপল্টন, ঢাকা।
ফোনঃ ৮৩১১৩৮৮।